

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

Web: www.chc.gov.bd Email: customhousectg@gmail.com

১। **সিপাই, কুক ও মালি পদের লিখিত পরীক্ষার স্থান ও তারিখ:**

ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ, জাকির হোসেন রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম

২। **সিপাই, কুক ও মালি পদে লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীর জন্য অনুসরণীয় নির্দেশাবলী:**

- ক) লিখিত পরীক্ষা কেন্দ্রে অবশ্যই প্রবেশপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে, মূল প্রবেশপত্র ব্যতীত লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নেই;
- খ) জাতীয় পরিচয় পত্র (NID) এর মূলকপি সাথে রাখতে হবে;
- গ) লিখিত পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে;
- ঘ) লিখিত পরীক্ষার কেন্দ্রে কোন প্রকার ক্যালকুলেটর, মোবাইল, ল্যাপটপ, ট্যাব, ডিজিটাল ঘড়ি বা অন্য কোন ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস, ব্যাগ, বই-খাতা বহন করা বা নিজ আয়ত্তে রাখা যাবে না;
- ঙ) লিখিত পরীক্ষা শেষ হওয়ার পূর্বে কক্ষ ত্যাগ করা যাবে না;
- চ) প্রার্থী লিখিত পরীক্ষার হাজিরা খাতায় তাঁর স্বাক্ষর নিশ্চিত করবেন;
- ছ) নির্ধারিত উত্তর পত্রের অতিরিক্ত কোন পাতা দেয়া হবে না;
- জ) প্রশ্নপত্র উত্তরপত্রের সাথে জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রশ্নপত্র সাথে নেয়া যাবে না;
- ঝ) উত্তর লিখার জন্য পেনসিল, লাল বা সবুজ কালি ব্যবহার করা যাবে না;
- ঞ) প্রার্থীকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে;
- ট) লিখিত পরীক্ষায় অন্যের উত্তর পত্র দেখাদেখি করলে, কথা বললে বা অন্য যে কোন প্রকার Unlawful Activities করলে উত্তরপত্র ও প্রার্থীতা বাতিলসহ বলবৎ আইনে তাৎক্ষণিকভাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ঠ) লিখিত পরীক্ষার শেষে সুশৃঙ্খলভাবে মেইন গেট দিয়ে বের হতে হবে এবং কোন অবস্থাতেই পরীক্ষা কেন্দ্রে অবস্থান করা যাবে না;

৩। লিখিত পরীক্ষার ফলাফল ২৩/১২/২০২২ খ্রি: রাতে প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষার ফলাফল প্রবেশপত্রের QR কোডটি স্ক্যান করে জানা যাবে। এছাড়া, কাস্টম হাউস, চট্টগ্রামের ওয়েবসাইট (www.chc.gov.bd) ও নোটিশ বোর্ড এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম এর নোটিশ বোর্ডে জানিয়ে দেয়া হবে।

৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৬/১২/২০২২ খ্রি:, ২৭/১২/২০২২ খ্রি: ও ২৮/১২/২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার স্থান ও সময় প্রবেশপত্রের QR কোডটি স্ক্যান করে জানা যাবে। এছাড়া, কাস্টম হাউস, চট্টগ্রামের ওয়েবসাইট (www.chc.gov.bd) ও নোটিশ বোর্ড এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম এর নোটিশ বোর্ডে জানিয়ে দেয়া হবে।

৫। মৌখিক পরীক্ষার সময় প্রয়োজনীয় সকল প্রকার সনদ ও অন্যান্য কাগজপত্রের মূল কপি অবশ্যই দেখাতে হবে।

৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টি.এ/ডিএ প্রদান করা হবে না।



(ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুসী)

ডেপুটি কমিশনার অব কাস্টমস

ও

সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি

কাস্টম হাউস, চট্টগ্রাম

